আবারও ইসরাইলে মিসাইল হামলা চালালো ইরান



সংগৃহীত ছবি

ইরান ফের মিসাইল ছুড়েছে দখলদার ইসরায়েলকে লক্ষ্য করে এমন দাবি করেছে আইডিএফ।ইরানের ছোড়া ক্ষেপণাস্ত্র ঠেকাতে ইসরায়েলের প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় রয়েছে বলেও জানান। নাগরিকদের আশ্রয়কেন্দ্রে যাওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানায় তারা।

আজ বুধবার (১৭ জুন) বাংলাদেশ সময় রাত পৌনে ১১টার দিকে আবারও নতুন করে মিসাইল ছোড়ে দেশটি। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে, তারা মিসাইল ভূপাতিতের চেষ্টা চালিয়ে যাচ্ছে।

ইরানের মিসাইল হামলার জেরে ইসরায়েলের রাজধানী তেলআবিব ও আশপাশের এলাকা জুড়ে সতর্কতামূলক সাইরেন বাজছে।

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে, যখন হামলা প্রতিহত করে সুস্পষ্ট নির্দেশনা আসবে তখনই নাগরিকরা আশ্রয়কেন্দ্র এবং বোমা শেল্টার থেকে বের হতে পারবেন।

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে, নতুন হামলায় ইরান স্বল্পসংখ্যক মিসাইল ছুড়েছে। ইসরায়েলি জরুরি সেবা সংস্থা দাবি করেছে, নতুন হামলায় তারা কোনো হতাহতের খবর পায়নি।

সূত্র: আলজাজিরা, টাইমস অব ইসরায়েল